

জরুরী : ডেঙ্গু রোগীর মনিটরিং বিষয়ে – নার্স, ডাক্তার ও সহায়কদের জন্য

ওয়ার্ডে ডেঙ্গু রোগীর যদি এই লক্ষণগুলির কোনওটি দেখা দেয়, তবে তাড়াতাড়ি বিষয়টি মেডিক্যাল অফিসারকে জানাতে হবে। কারণ, এই রোগীদের বিশেষভাবে স্যালাইন দেওয়ার দরকার হতে পারে। ওয়ার্ডে যে সহায়করা এবং নার্সিং স্টাফ বা স্টুডেন্টরা থাকবেন, তাঁরা এ বিষয়ে নির্দিষ্টভাবে খেয়াল রাখবেন।

- বারবার বমি ; খেতে পারছে না
- পেটে ব্যথা
- ব্লিডিং (নাক বা মুখ থেকে রক্তক্ষরণ, বমি বা প্রস্রাবে রক্ত অথবা কালো/রক্ত পায়খানা; মাসিকে অতিরিক্ত রক্তস্রাব)
- মাথা ঘুরছে বা ভীষণ দুর্বল
- অস্থির ভাব, ছটফট করছে
- পাতলা পায়খানা
- প্রস্রাব 6 ঘন্টার মধ্যে হয়নি বা পরিমাণে খুব কম

এছাড়াও, নার্সিং স্টাফ বা স্টুডেন্টরা আরও চারটি পরিমাপ বিশেষভাবে লক্ষ্য রাখবেন। এইক্ষেত্রেও দ্রুতহারে স্যালাইন দেওয়ার দরকার হতে পারে। বিষয়টি MO-র নজরে আনবেন।

▪ পিসিভি বেড়ে গেছে *	▪ পাল্স প্রেশার কম #
▪ পাল্স রেট বেশী (টেম্পারেচার বেশী না হওয়া সত্ত্বেও)*	▪ ব্লাড প্রেশার কমে গেছে *

* পিসিভি আগে যা ছিল তার থেকে বেড়ে গেছে। অথবা পিসিভি একবার মাত্র পরীক্ষা হয়েছে, কিন্তু তা স্বাভাবিক গড় মাত্রার চেয়ে বেশী (মহিলাদের ক্ষেত্রে 40%, পুরুষদের ক্ষেত্রে 45%)। পিসিভি যদি দ্রুত অনেকটা কমে যায়, তা-ও খারাপ লক্ষণ

* পাল্স রেট স্বাভাবিকের থেকে 20/মিনিট বা আরও বেশী

* সিস্টোলিক ব্লাড প্রেশার 20 mm বা আরও বেশী নেমে গেছে

পাল্স প্রেশার 25-এর কম (পাল্স প্রেশার হল সিস্টোলিক ও ডায়াস্টোলিক ব্লাড প্রেশারের ব্যবধান)।

বিঃ দ্রঃ – ডেঙ্গু রোগীর যদি ডায়াবেটিস, হার্ট বা কিডনির রোগ, হাই প্রেশার, থ্যালাসিমিয়া ইত্যাদি কোনও অসুখ (co-morbidity) বা pregnancy থাকে, তাকে high risk case হিসাবে ধরতে হবে।

ডেঙ্গু রোগী যে অবস্থায় থাকলে তাকে IV fluid-এর bolus দিতে হবে, তার মধ্যে এইগুলি অন্যতম:

(ক) পিসিভি minimum যা ছিল তার থেকে যদি 20% বা আরও বেশী বেড়ে যায়।

(খ) পিসিভি অতটা না বাড়লেও রোগীর যদি আরও কোনও বিপদলক্ষণ থাকে (যেগুলি প্রথম box-এ বলা আছে)। স্বাভাবিক গড়ের চেয়ে পিসিভি বেশী হলে (উপরে দেখুন) তা বৃদ্ধি বলে ধরবেন।

(গ) যদি dehydration-এর লক্ষণ থাকে ; উপরে পাল্স / ব্লাড প্রেশার / পাল্স প্রেশার যেমন বলা আছে কিংবা dehydration-এর অন্যান্য লক্ষণ।

(ঘ) মুখে যথেষ্ট fluid খাওয়ার মতো অবস্থা যদি রোগীর না থাকে; যেমন- বারবার বমি, খেতে পারছে না, অজ্ঞান অবস্থা ইত্যাদি।

(ঙ) রোগী যদি ইতিমধ্যেই শক-এ গিয়ে থাকে, তবে jet-এ IV fluid শুরু করতে হবে।

নার্সিং স্টাফ ও পরিচালিকাদের জন্য বিশেষভাবে বলার :-

- পিসিভি, প্লেটলেট কাউন্ট, পাল্স, ব্লাড প্রেশার, পাল্স প্রেশার ইত্যাদি পরিমাপগুলি প্রায়ই পূর্বের সঙ্গে তুলনা করার দরকার হবে। পূর্বের মাপ জানার জন্য Top Sheet-টি কাজে লাগান।
- ডেঙ্গু রোগী বা suspected ডেঙ্গু রোগীর বিপদলক্ষণ আছে কি না দেখে এবং উপরোক্ত পরিমাপগুলি লক্ষ্য করে জটিল কেসগুলির BHT আলাদা করুন। সেগুলিকে আলাদা ফাইলে রাখুন অথবা কোনও বিশেষ চিহ্ন আটকে দিন। Comorbidity-যুক্ত কেসগুলিকেও এর মধ্যে নেবেন।
- যে রোগীদের বিপদলক্ষণ দেখা দেবে (প্রথম box-এ যেমন বলা আছে) অথবা পরিমাপগুলি স্বাভাবিক থাকবে না (দ্বিতীয় box-এ যেমন বলা আছে), তাদের বিষয়ে round-এর MO-কে জানাবেন। যদি round-এর দেবী থাকে, তবে বিলম্ব না করে MO on Call-কে খবর দিতে হবে। এই রোগীদের জন্য সত্বর বিশেষ direction দেওয়ার দরকার হতে পারে।